



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ভৈরব, কিশোরগঞ্জ
<http://food.bhairab.kishoreganj.gov.bd>

পত্র সংখ্যা: ১৩.০২.৪৮১১.০২৫.৫৭.০১৫.১৬.১৯৯

তারিখ: ০২ আগস্ট ২০১৮

অফিস আদেশ

২০০৬ সালে প্রণীত জাতীয় খাদ্যনীতিতে সকল সময়ে দেশের সকল মানুষের জন্য নির্ভরযোগ্য খাদ্য নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য বলা হয়েছে। টেকসই উন্নয়ন অভীষ্টে (এসডিজি) 'নো পোভারটি' ও 'জিরো হান্ডার' অর্জনের প্রত্যয় ঘোষিত হয়েছে। এছাড়া, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দারিদ্র দূরীকরণের অভিপ্রায় ব্যক্ত করা হয়েছে। এ লক্ষ্য, প্রত্যয় ও অভিপ্রায় অর্জনের জন্য এবং পল্লী অঞ্চলের দরিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা প্রদান ও পুষ্টি নিশ্চিত করার উদ্দেশ্যে সরকারি বিতরণ ব্যবস্থায় 'খাদ্যবান্ধব কর্মসূচি' গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচির আওতায় ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্র পরিবারকে শুভেচ্ছা মূল্যে খাদ্যশস্য বিতরণের উদ্যোগ নেওয়া হয়েছে। এ উদ্দেশ্যে খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা ২০১৭ প্রণয়ন করা হয়েছে। নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে এর '২খ' ধারা অনুযায়ী কিশোরগঞ্জ জেলাধীন ভৈরব উপজেলার জন্য নিম্নরূপভাবে 'উপজেলা খাদ্যবান্ধব কমিটি' গঠন করা হলো:

| | | |
|-----|--|-----------------|
| ১. | সংসদ সদস্য, ১৬৭ কিশোরগঞ্জ ৬ | প্রধান উপদেষ্টা |
| ২. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ | উপদেষ্টা |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ | সভাপতি |
| ৪. | ভাইস চেয়ারম্যানগণ, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৫. | উপজেলা কৃষি কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৬. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৭. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ১০. | জনাব মোঃ জাকির হোসেন, সভাপতি, ভৈরব প্রেসক্লাব, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ১১. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য-সচিব |

উপজেলা খাদ্য বান্ধব কমিটি দারিদ্রের প্রকোপ, দুঃস্থতা বিবেচনায় ইউনিয়নভিত্তিক উপকারভোগীদের সংখ্যা বিভাজন; ইউনিয়ন কমিটি কর্তৃক প্রণীত তালিকা যাচাই-বাছাই; খাদ্যবান্ধব কার্ড প্রয়োজনে সংশোধন বা বাতিলকরণ; ডিলার বাছাই, নিয়োগ এবং ডিলারশিপ বাতিল অনুমোদন; সাপ্তাহিক বিক্রয়ের দিন/বার নির্ধারণ; প্রয়োজনে বিতরণ কেন্দ্রের অবস্থান পুনঃনির্ধারণ; প্রতি প্রান্তিকে অবিক্রিত চাল নিষ্পত্তি; খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরীক্ষণসহ সরকার ও আইনানুগ কর্তৃপক্ষ কর্তৃক সময়ে অর্পিত বিবিধ দায়িত্ব পালন করবেন। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং অন্যরূপ আদেশ না দেওয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

স্বাক্ষরিত
মোহাম্মদ কাজী ফয়সাল
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি

পত্র সংখ্যা: ১৩.০২.৪৮১১.০২৫.৫৭.০১৫.১৬.১৯৯

তারিখ: ০২ আগস্ট ২০১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- মাননীয় সংসদ সদস্য, ১৬৭, কিশোরগঞ্জ ৬।
- মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
- ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
- উপজেলা কৃষি/সমাজসেবা/পরিসংখ্যান/মহিলা বিষয়ক/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ।
- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভৈরব, কিশোরগঞ্জ/অফিসার ইন-চার্জ, স্থানীয় সরবরাহ কেন্দ্র/সরকারি খাদ্য গুদাম, ভৈরব, কিশোরগঞ্জ।
- চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
- সচিব, (সকল) ইউনিয়ন পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
- জনাব জনাব মোঃ জাকির হোসেন, সভাপতি, ভৈরব প্রেসক্লাব, ভৈরব, কিশোরগঞ্জ।
- অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি
ভৈরব, কিশোরগঞ্জ